বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
ফোন: ৫৫০৩০০৫৪, ৫৫০৩০০৬৩, ৫৫০৩০০৯৩, ৫৫০৩০০৮০, ৫৫০৩০০৭৬, ৫৫০৩০০৮৩, ৪৮১১৬৬৬৫
Fax . 88-02-55030092, E-mail : dg@bsti.gov.bd, bsti@bangla.net, . Website . www.bsti.gov.bd

স্মারক নং: ৩৬.০৫.০০০০.১০৫.৩১.০০২.০৬-/১২৮২

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ / ০৭ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

# অফিস আদেশ

যেহেতু, আপনি জনাব অসিত বড়ুয়া, উপপরিচালক (প্রশাসন), বিএসটিআই, ঢাকাকে শিল্প মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৬.০০.০০০০.৫৩.০৮.০২৭.১৮-৭৬, তারিখ: ০৪-১০-২০২১ খ্রিঃ মূলে কানাডায় বসবাসরত নিকট আত্মীয়দের সাথে দেখা করার জন্য ৩০-১০-২০২১ হতে অথবা যাত্রা শুরুর তারিখ হতে ৬০ (ষাট) দিন বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরি দেওয়া হয়। উক্ত মঞ্জুরির প্রেক্ষিতে বিএসটিআই স্মারক নং: ৩৬.০৫.০০০০.১০৫.৩১.০০১.০৬-১০৪৯, তারিখ: ২৪-১০-২০২১ খ্রিঃ মূলে ৩০-১০-২০২১ বা যাত্রার তারিখ থেকে ৬০ (ষাট) দিনের জন্য কানাডায় গমনের মঞ্জুরি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে আপনি বিগত ০৪-১১-২০২১ তারিখে ছুটি ভোগের জন্য কর্মস্থল ত্যাগ করেন। সে মোতাবেক বিগত ০৪-০১-২০২২ খ্রিঃ তারিখে আপনার অনুকূলে অনুমোদিত ২ (দুই) মাসের ছুটির মেয়াদ উত্তীর্ণ হয়। অনুমোদিত বহিঃবাংলাদেশ ছুটির শর্ত ও মেয়াদ শেষে কর্মস্থলে যোগদান করার নিয়ম থাকলেও আপনি অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি এবং কর্মস্থলের সাথে কোনো যোগাযোগ রাখেননি, এমনকি কানাডায় আপনার সাথে যোগাযোগের জন্য কোন ঠিকানা প্রদান করেননি। এ প্রেক্ষিতে আপনাকে অনতিবিলম্বে কর্মস্থলে যোগদান করার নির্দেশ প্রদান করে অত্রাফিস হতে বিগত ১৮-০৪-২০২২ খ্রিঃ তারিখে বাংলাদেশে আপনার স্থায়ী ও বর্তমান ঠিকানায় পত্র ও ই-মেইল প্রেরণ করা হয়। কিন্তু আপনি উক্ত পত্র ও ই-মেইলের কোনো জবাব প্রদান করেননি। আপনার স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্র বিগত ২৭-০৪-২০২২ খ্রিঃ তারিখে "প্রাপক বর্তমান ঠিকানায় না থাকায় ফেরত দিলাম" এবং বর্তমান ঠিকানায় প্রেরিত পত্র বিগত ২০-০৪-২০২২ খ্রিঃ তারিখে "প্রাপক উক্ত ঠিকানায় থাকেনা ফেরত" উল্লেখপূর্বক ফেরত এসেছে।

যেহেতু, আপনাকে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৯ এর ৩৭ (২) (খ) ধারা লঙ্ঘন করায় ৩৮ (খ) ও (গ) ধারা অনুযায়ী "অসদাচরণ" ও "পলায়ন" এর দায়ে দোষী সাব্যস্ত করে আপনার বিরুদ্ধে একই প্রবিধানমালা মোতাবেক বিভাগীয় মামলা নং-১১/২০২২ দায়ের করা হয় এবং বিএসটিআই স্মারক নং: ৩৬.০৫.০০০০.১০৫.৩১.০০২.০৬-৪০১, তারিখ: ১৬-০৬-২০২২ খ্রিঃ মূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী আপনার বাংলাদেশের স্থায়ী ও বর্তমান ঠিকানায় এবং ই-মেইলে (abarua_2008@yahoo.com) প্রেরণ করা হয়। তাছাড়া বিগত ১৯-০৬-২০২২ তারিখে "দৈনিক যুগান্তর" পত্রিকায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রকাশ করা হয় এবং কেন আপনাকে উক্ত প্রবিধানমালার আওতায় যথোপযুক্ত দন্ড প্রদান করা হবেনা মর্মে ১০ (দশ) কাযদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। উক্ত অভিযোগনামা ও অভিযোগ বিবরণীতে কারণ দর্শানোর জন্য নির্ধারিত সময় অতিক্রান্ত হলেও অদ্যাবধি আপনি অত্র অফিসে যোগদান করেননি বা এ বিষয়ে কোনো জবাব প্রদান করেননি। আপনার নিকট প্রেরিত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী বিগত ২৬-০৬-২০২২ খ্রিঃ তারিখে "প্রাপক উক্ত ঠিকানায় থাকেনা ফেরত" উল্লেখপূর্বক ফেরত এসেছে।

যেহেতু, আপনার নিকট হতে অভিযোগনামার জবাব না পাওয়ায় বিষয়টি তদন্তের জন্য বিএসটিআই স্মারক নং: ৩৬.০৫.০০০০.১০৫.৩১.০০২.০৬-৫০০, তারিখ: ১৩-০৭-২০২২ খ্রিঃ মূলে জনাব মোঃ সাজ্জাদুল বারী, পরিচালক (মেট্রোলজী), বিএসটিআইকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা অভিযোগ তদন্ত করে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে মর্মে আপনাকে দোষী সাব্যস্ত করে প্রতিবেদন দাখিল করেছেন।

যেহেতু, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৯ এর ৩৭ (২) (খ) প্রবিধি লঙ্ঘণ করায় উক্ত প্রবিধানমালার ৩৮ (খ) ও (গ) প্রবিধি অনুযায়ী "অসদাচরণ" ও "পলায়ন" এর দায়ে প্রবিধি ৩৯ (১) (খ) (ঈ) মোতাবেক কর্তৃপক্ষ আপনাকে চাকুরী হতে বরখাস্ত করার গুরুদন্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করে। কেন আপনাকে গুরুদন্ড আরোপ করা হবে না তার জবাব ০৭ (সাত) কাযদিবসের মধ্যে জানানোর জন্য বিগত ১৪-০৯-২০২২ খ্রিঃ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়। দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ আপনার বাংলাদেশের স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে ও ই-মেইলে প্রেরণ করা হয় এবং "দৈনিক আমাদের সময়" পত্রিকায় একদিনের জন্য প্রকাশ করা হয়। আপনি দ্বিতীয় কারণ দর্শানোর কোনো জবাব প্রদান করেননি। আপনার স্থায়ী ঠিকানায় প্রেরিত দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশটি "প্রাপক বাড়ীতে না থাকায় ফেরত দেওয়া হইল" উল্লেখপূর্বক বিগত ০৬-১০-২০২২ খ্রিঃ তারিখে ফেরত এসেছে।

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য:

সেহেতু, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন কর্মচারী চাকুরী প্রবিধানমালা' ১৯৮৯ এর ৩৮ (খ) ও (গ) প্রবিধি অনুযায়ী "অসদাচরণ" ও "পলায়ন" এর দায়ে দোষী সাব্যস্ত হওয়ায় একই প্রবিধানমালার ৩৯ (১) (খ) (ঈ) মোতাবেক আপনাকে ০৫-০১-২০২২ খ্রিঃ তারিখ থেকে চাকুরি হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে। এ দন্ড তাঁর চাকুরী বহিতে লিপিবদ্ধ করা হোক।

(মোঃ আবদুস সাত্তার)
মহাপরিচালক (গ্রেড-১)

প্রাপক,
জনাব অসিত বড়ুয়া
উপপরিচালক (প্রশাসন)
১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা
বিএসটিআই, ঢাকা।

বর্তমান ঠিকানা:
বেলীকুঞ্জ, ১১৮/৩, দক্ষিণ মহাখালী, বনানী, ঢাকা।

স্থায়ী ঠিকানা:
জনাব অসিত বড়ুয়া,
পিতা: মৃত রমেন্দ্র লাল বড়ুয়া
গ্রাম: লাখেরা, ডাকঘর: কালারপোল, থানা: পটিয়া, জেলা: চট্টগ্রাম।

ই-মেইল: abarua_2008@yahoo.com

স্মারক নং: ৩৬.০৫.০০০০.১০৫.৩১.০০২.০৬-১১২৮২

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ / ০৭ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

বিতরণ (সদয় অবগতির জন্য): (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক (পদার্থ/প্রশাসন/মেট্রোলজি/মান/সিএম/রসায়ন), বিএসটিআই, ঢাকা।
২। পরিচালক, বিএসটিআই বিভাগীয় কার্যালয়, খুলনা/রাজশাহী/চট্টগ্রাম।
৩। উপপরিচালক ও অফিস প্রধান, বিএসটিআই বিভাগীয় কার্যালয়, সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৪। উপপরিচালক ও অফিস প্রধান, বিএসটিআই জেলা কার্যালয়, ফরিদপুর/কুমিল্লা/কক্সবাজার।
৫। উপপরিচালক ও অফিস প্রধান, ডিএমআই, ঢাকা।
৬। উপপরিচালক (প্রশাসন), বিএসটিআই প্রধান কার্যালয়, ঢাকা।
৭। প্রোগ্রামার, আইসিটি সেল, বিএসটিআই, ঢাকা [ওয়েবসাইটে আপলোড করার জন্য]।
৮। সহকারী হিসাব কর্মকর্তা, বিএসটিআই প্রধান কার্যালয়, ঢাকা।
৯। ব্যক্তিগত নথি।

(মোঃ তাহের জামিল)
পরিচালক (প্রশাসন)